

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা- ৭(হিসাব)
১৪১- ১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
www.lrb.gov.bd

স্মারক নং- ৩১.০২.০০০০.০১৭.০১.০০১.১৭.৬১

তারিখঃ ১২/০৫/১৪২৪বং
২৭/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়: ই- নামজারী বাস্তবায়নের লক্ষ্যে সার্ভার ক্রয়ের জন্য ২,৫৬,৫১,০০০ (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকা
অতিরিক্ত বরাদ্দের চাহিদা।


সরকারের ভিশন ২০২১ অর্জন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ভূমি সংশ্লিষ্ট সকল সেবা জনগণের কাছে সহজলভ্য করতে ভূমি সংস্কার বোর্ড, ভূমি মন্ত্রণালয়ের অধীনে থেকে উপজেলা এবং ইউনিয়ন ভূমি অফিসে আইটি নেটওয়ার্কিং কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য নিরন্তর কাজ করে চলেছে। গত ০৭-০২-২০১৬ তারিখের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত ভূমি তথ্য ও সেবা কাঠামো সংক্রান্ত কমিটির সভায় এমর্মে সিদ্ধান্ত হয় যে, ভূমি সংস্কার বোর্ডের নেতৃত্বে a2i কর্তৃক তৈরীকৃত ইলেকট্রনিক পদ্ধতিতে অনলাইনে নামজারী কার্যক্রম পরিচালনার জন্য ই- নামজারী সিস্টেম দ্রুত পাইলট আকারে বাস্তবায়নের কার্যক্রম শুরু করতে হবে।

২। তৎপ্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ড LIMS (Land Information Management System) সফটওয়্যারটি সারাদেশে চালুর নিমিত্ত প্রাথমিকভাবে ১৩টি উপজেলা/ সার্কেল ভূমি অফিস এবং প্রতিটি উপজেলা/ সার্কেল ভূমি অফিসের অধীন দু'টি করে ইউনিয়ন/ পৌর/ সার্কেল ভূমি অফিসে পাইলটিং এর কাজ শুরু করে। বিগত ৪ আগস্ট ২০১৬ তারিখে পাবনা জেলার ঈশ্বরদী উপজেলা ভূমি অফিসে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মাননীয় ভূমি মন্ত্রী জনাব শামসুর রহমান শরীফ (এম.পি.)।

৩। ই- নামজারী কার্যক্রম সারাদেশে চালুর লক্ষ্যে গত ০২/১১/২০১৬ তারিখ a2i এবং ভূমি সংস্কার বোর্ডের মধ্যে একটি সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়। বর্তমানে সারাদেশে ৫৪টি উপজেলায় ই- নামজারী কার্যক্রম চালু আছে। আগামী ডিসেম্বর ২০১৭ তারিখের মধ্যে আরও ৫০টি উপজেলায় ই- নামজারী চালু প্রক্রিয়াধীন রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য বিষয়ক উপদেষ্টা, জনাব সজীব ওয়াজেদ জয় এর নির্দেশনা “জুন ২০১৮ এর মধ্যে সারাদেশে ই- নামজারী চালু করতে হবে।” সেলক্ষ্যে ০২/০৮/২০১৭ তারিখ হতে মাস্টার ট্রেনিংদের প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করা হয়েছে। ই- নামজারী কার্যক্রম সফল বাস্তবায়নের লক্ষ্যে জনশক্তির প্রশিক্ষণের পাশাপাশি প্রয়োজনীয় অবকাঠামো বিনির্মাণের অংশ হিসেবে নতুন সার্ভার (Server) স্থাপন জরুরী। গত ০৩/০৮/২০১৭ তারিখে ভূমি সংস্কার বোর্ড, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও a2i প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে আনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ই- নামজারী কার্যক্রম সফল বাস্তবায়নের লক্ষ্যে ১২টি ডেডিকেটেড সার্ভার (Dedicated Server) ক্রয়ের নিমিত্ত ২,৫৬,৫১,০০০.০০ (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকা প্রয়োজন।

৪। বর্ণিত অবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য বিষয়ক উপদেষ্টার নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট আর্থিক খাতে চলতি অর্থ বছরের জন্য উপর্যুক্ত চাহিদা মোতাবেক প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নেই। ভূমি সংস্কার বোর্ডের ০৯/০৮/২০১৭ খ্রিঃ তারিখে আনুষ্ঠিত সমন্বয় সভার ৮নং অনুচ্ছেদে বর্ণিত সিদ্ধান্তের আলোকে ৪৬০৭- ভূমি সংস্কার বোর্ডের অধীন ২০১৭- ১৮ অর্থ বছরের জন্য ৬৮০০- সম্পদ সংগ্রহ/ক্রয় খাতভুক্ত ৬৮১৫- কম্পিউটার ও যন্ত্রাংশ উপখাতে ১২টি সার্ভার (Server) ক্রয়ের নিমিত্ত মূল বরাদ্দের অতিরিক্ত হিসেবে ২,৫৬,৫১,০০০.০০ (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ একান্ন হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হল।

সচিব,
ভূমি মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(ঝরনা বেগম)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
ভূমি সংস্কার বোর্ড
ঢাকা।

স্মারক নং- ৩১.০২.০০০০.০১৭.০১.০০১.১৭.৬১ /১১)

তারিখঃ ১৩/০৫/১৪২৪বং
২৮/০৮/২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সদস্য (প্রশাসন/ ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।



(মোহাঃ আকবর আলী)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।